গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

বিষয়: 'স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্স' সংক্রান্ত ১ম সভার কার্যবিবরণীর আলোকে স্মার্ট সিভিল সার্ভিস ও স্মার্ট স্থানীয় সরকার; উপ-কমিটির কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মুহম্মদ ইব্‌রাহিম<br>সচিব<br>স্থানীয় সরকার বিভাগ |
| সভার স্থান | : | স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৬০১, ভবন নং-৭) |
| তারিখ ও সময় | : | ১০ সেপ্টেম্বর ২০২৩ (রবিবার) বেলা ০২.০০ টা |
| উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী, যুগ্মসচিব (নগর উন্নয়ন-১) সভাকে অবহিত করেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গত ০৩ আগস্ট ২০২৩ তারিখে 'স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্স' এর ১ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় স্মার্ট বাংলাদেশের চারটি স্তম্ভ তথা স্মার্ট নাগরিক, স্মার্ট অর্থনীতি, স্মার্ট সরকার এবং স্মার্ট সমাজ ব্যবস্থার লক্ষমাত্রাসমূহ এবং অগ্রাধিকার খাতসমূহ চিহ্নিত করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে গঠিত ''স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্স" কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সহায়তা প্রদানের জন্য বর্ণিত ৪টি স্তম্ভের বিভিন্ন অধিক্ষেত্রের জন্য মাননীয় মন্ত্রীগণকে আহ্বায়ক করে ১৫ টি উপকমিটি গঠন করা হয়। গঠিত ১৫ টি উপকমিটির মধ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীকে আহ্বায়ক করে স্মার্ট সিভিল সার্ভিস ও স্মার্ট স্থানীয় সরকার বিষয়ক উপকমিটি গঠন করা হয়েছে। সভায় কমিটির কার্যপরিধি এবং অন্যান্য সিদ্ধান্তসমূহ উপস্থাপন করা হয়। টাস্কফোর্সের সভায় গঠিত উপ-কমিটিসমূহকে ০৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে সংশ্লিষ্ট অধিক্ষেত্রেসমূহে কর্মপরিকল্পনা প্রনয়ন করে স্মার্ট বাংলাদেশ ট্রাস্কফোর্স কমিটির নিকট দাখিল করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এ পর্যায়ে সভায় উপস্থিত কর্মকর্তাগণের মতামতের আলোকে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**১) উপ-কমিটি গঠন: টাস্কফোর্সের সভার সিদ্ধান্ত ও কার্যপরিধি অনুযায়ী**

**পূর্ণাঙ্গ স্মার্ট সিভিল সার্ভিস ও স্মার্ট স্থানীয় সরকার বিষয়ক নিম্নরুপ উপকমিটি গঠন করা হলো:**

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয় | সহ-সভাপতি |
| ৩. | মাননীয় মেয়র, রাজশাহী সিটি কর্পোরেশন | সদস্য |
| ৪. | সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | সচিব, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৬. | সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সদস্য |
| ৭. | সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সদস্য |
| ৮. | মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা একাডেমি (এনএপিডি) | সদস্য |
| ৯. | মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা | সদস্য |
| ১০. | রেক্টর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র | সদস্য |
| ১১. | রেক্টর, বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি | সদস্য |
| ১২. | মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) | সদস্য |
| ১৩. | রেজিস্টার জেনারেল, জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যালয় | সদস্য |
| ১৪. | প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ১৫. | প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ১৬. | চেয়ারম্যান, জেলা পরিষদ (স্থানীয় সরকার বিভাগ মনোনীত) | সদস্য |

| | | |
|---|---|---|
| ১৭. | মেয়র, পৌরসভা (স্থানীয় সরকার বিভাগ মনোনীত) | সদস্য |
| ১৮. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ (স্থানীয় সরকার বিভাগ মনোনীত) | সদস্য |
| ১৯. | ইউনিয়ন পরিষদ (স্থানীয় সরকার বিভাগ মনোনীত) | সদস্য |
| ২০. | ঢাকা বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগের একজন অধ্যাপক | সদস্য |
| ২১. | অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ) | সদস্য-সচিব |

**২) ওয়ার্কিং কমিটি:**

স্মার্ট সিভিল সার্ভিস ও স্মার্ট স্থানীয় সরকার অধিক্ষেত্রে স্মার্ট বাংলাদেশ ২০৪১ বিনিমার্ণের ক্ষেত্রসমূহ চিহ্নিত করণ, কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষে নিম্নরূপ ওয়ার্কিং কমিটি গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১. | মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ | আহ্বায়ক |
| ২. | প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | যুগ্মসচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৪. | যুগ্মসচিব (পলিসি সাপোর্ট অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৫. | যুগ্মসচিব (আইন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৬. | প্রতিনিধি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (যুগ্মসচিব পদমর্যাদার) | সদস্য |
| ৭. | প্রতিনিধি, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) (পরিচালক পদমর্যাদার) | সদস্য |
| ৮. | প্রতিনিধি, বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি (এমডিএস পদমর্যাদার) | সদস্য |
| ৯. | অতিরিক্ত প্রধান প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ১০. | উপসচিব (সি.ক-২) শাখা, স্থানীয় সরকার বিভাগ | সদস্য-সচিব |

**ওয়ার্কিং কমিটির কার্যপরিধি:**

১. স্মার্ট বাংলাদেশ-২০৪১ বিনির্মাণের সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রসমূহ চিহ্নিত করবে;
২. চিহ্নিত ক্ষেত্রসমূহের উদ্দ্যেশ্য, সমস্যা, সম্ভাবনা এবং করণীয় নির্ধারণ করবে;
৩. নিজ অধিক্ষেত্রের বাইরে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ, বেসরকারি খাত/সংস্থা এবং শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানের সঙ্গে সম্পর্কযুক্ত (cross-cutting) বিষয়সমূহ চিহ্নিত করবে;
৪. স্মার্ট বাংলাদেশ ২০৪১ বাস্তবায়নে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদি কর্মপরিকল্পনার খসড়া প্রণয়ন করবে;

কার্যকরী কমিটি আগামী ২৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে তাদের কার্যপরিধি অনুযায়ী কর্মপরিকল্পনা চূড়ান্ত করে মূল উপ-কমিটির নিকট উপস্থাপন করবে।

স্মার্ট সিভিল সার্ভিস ও স্মার্ট স্থানীয় সরকার বিষয়টিতে স্মার্ট সিভিল সার্ভিসের বিষয়টি জড়িত বিধায় অনুরূপ একটি ওয়ার্কিং কমিটি গঠনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

*স্বাক্ষরিত*
*১৯/৯/২৩*
(মুহম্মদ ইব্রাহিম)
সচিব
স্থানীয় সরকার বিভাগ

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.০২.০৮১.২০২৩-৫৮৫/১(২০)

তারিখ: ৫ আশ্বিন ১৪৩০ / ২০ সেপ্টেম্বর ২০২৩

**বিতরণ** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১ প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়
২ মাননীয় মেয়র, রাজশাহী সিটি কর্পোরেশন
৩ সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
৪ সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৫ সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৬ রেক্টর (সচিব), বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
৭ মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা একাডেমি (এনএপিডি)
৮ প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
৯ প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১০ রেজিস্ট্রার জেনারেল, জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যালয়
১১ মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)
১২ মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা
১৩ অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ
১৪ মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ
১৫ যুগ্মসচিব (নগর উন্নয়ন-১)/যুগ্মসচিব (পলিসি সাপোর্ট অধিশাখা)/যুগ্মসচিব (আইন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ
১৬ সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭ প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৮ অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
১৯ যুগ্মসচিব (নগর উন্নয়ন-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
২০ অফিস কপি

20/9/2023

মাহবুবা আইরিন
উপসচিব
ফোন: ৫৫১০০৪০৯
ই-মেইল: lgcc2@lgd.gov.bd